গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
www.dowarabazar.sunamganj.gov.bd

# নৌকাঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ০১/২০২৪

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দোয়ারাবাজার উপজেলাধীন নিম্ন বর্ণিত নৌকাঘাট ১৪৩১ বঙ্গাব্দের জন্য (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তে উল্লিখিত তারিখে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.dowarabazar.sunamganj.gov.bd ও অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

## ১৪৩১ বঙ্গাব্দে ইজারাযোগ্য নৌকাঘাটের তালিকা

| ক্রঃ নং | নৌকাঘাটের নাম | ইউনিয়নের নাম | কাঙ্খিত সরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | দোয়ারাবাজার নৌকাঘাট | দোয়ারাবাজার সদর | ৪৮,১৮০/- | ৫০০/- | |
| ০২ | আমবাড়ী বাজার নৌকাঘাট | মান্নারগাঁও | ৫,৪৪,৮৬৮/- | ১৮০০/- | |
| ০৩ | পূর্ব চাইরগাঁও - পূর্ব সোনাপুর নৌকাঘাট | নরসিংপুর | ৩,২৭,৮০০/- | ১৪০০/- | |
| ০৪ | নাছিমপুর নৌকাঘাট | নরসিংপুর | ১,৩২,০০০/- | ১০০০/- | |
| ০৫ | নোয়াগাঁও ভাঙ্গা নৌকাঘাট | মান্নারগাঁও | ২,৬৬,৭৫০/- | ১২০০/- | |
| ০৬ | ভাঙ্গাপাড়া মাঠগাঁও নৌকাঘাট | লক্ষীপুর | ১,৬৫,০০০/- | ১০০০/- | |
| ০৭ | ডরের পাড় নৌকাঘাট | দোহালিয়া | ৩৩,০০০/- | ৫০০/- | |

## দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি ঃ

| পর্যায় | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত) | দরপত্র খোলার তারিখ ও সময় (বিকাল ৩.০০ ঘটিকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২০/০২/২০২৪ খ্রিঃ | ২২/০২/২০২৪ খ্রিঃ | ২২/০২/২০২৪ খ্রিঃ | |
| ২য় পর্যায় | ১০/০৩/২০২৪ খ্রিঃ | ১১/০৩/২০২৪ খ্রিঃ | ১১/০৩/২০২৪ খ্রিঃ | |
| ৩য় পর্যায় | ২০/০৩/২০২৪ খ্রিঃ | ২১/০৩/২০২৪ খ্রিঃ | ২১/০৩/২০২৪ খ্রিঃ | |
| ৪র্থ পর্যায় | ৩১/০৩/২০২৪ খ্রিঃ | ০১/০৪/২০২৪ খ্রিঃ | ০১/০৪/২০২৪ খ্রিঃ | |
| ৫ম পর্যায় | ০৮/০৪/২০২৪ খ্রিঃ | ০৯/০৪/২০২৪ খ্রিঃ | ০৯/০৪/২০২৪ খ্রিঃ | |

## দরপত্র দাখিলের শর্তবলী

১। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার , সুনামগঞ্জ এর অনুকুলে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমম্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারার মেয়াদ শেষে জামানতের অর্থ ফেরৎ প্রদান করা হবে।

২। দরপত্র ফরম (ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজার (খ) উপজেলা ভূমি অফিস, দোয়ারাবাজার এবং (গ) জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর স্থানীয় সরকার শাখা হতে নির্ধারিত (অফেরত যোগ্য) মূল্যে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) ক্রয় করা যাবে।

৩। প্রতিটি নৌকাঘাটের জন্য পৃথকভাবে সীলগালা যুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে এবং খামের উপরে দরপত্র দাতার নাম, ঠিকানা এবং নৌকাঘাটের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রের নিদ্দিষ্ট কলামে দরপত্র দাতার নাম, ঠিকানা ও স্বাক্ষর থাকতে হবে। কোন স্বাক্ষর জাল মর্মে প্রমানিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

৪। যে তারিখ দরপত্র ক্রয় করা হবে তৎপরবর্তী দরপত্র দাখিলের তারিখে তা দাখিল করতে হবে। অন্যথায় উক্ত দরপত্র অকার্যকর ও বাতিল বলে গণ্য হবে।

৫। দাখিলকৃত ইজারা মূল্য কাঙ্খিত সরকারি ইজারা মূল্যের অধিক হতে হবে।

৬। দাখিলকৃত দরপত্রগুলোর (একের অধিক) দরপত্রের উদ্বৃত মূল্য সমান হলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

৭। দরপত্র অনুমোদিত হলে অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে দরপত্র দাতা অবশিষ্ট সমুদয় টাকা পরিশোধ করবেন। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে প্রদেয় ব্যাংক ড্রাফট এর অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৮। অনুমোদিত দরদাতাকে ইজারা মূল্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর পরিশোধ করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত নৌকাঘাটটি অন্য কারো নিকট উপ-পত্তন (সাব লীজ) দিতে পারবেনা। যদি অনুরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে ইজারাদারকে নিজ দায়িত্বে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের পর দখলনামা প্রদান করা হবে। ইজারাদারের গাফিলতির কারণে দখল নিতে বিলম্ব হলে তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১১। সরকার কর্তৃক নির্ধারিত হারে টোল আদায় করতে হবে।

১২। ইজারা গ্রহীতাকে নৌকাঘাটের বাস্তব অবস্থা ও ইজারার শর্তাবলী সম্পর্কে অবহিত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩। কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল এর ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। এতদসংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮/২/২৪

(নেহের নিগার তনু)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
☎ ০৮৭২৬-৫৬০০৩
ই-মেইলঃ unodoarabazar@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.৩০.০০২.২০.১৩৬(১০০) তারিখ ঃ ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৩। পুলিশ সুপার, সুনামগঞ্জ
৪। সিভিল সার্জন, সুনামগঞ্জ
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সুনামগঞ্জ
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক), সুনামগঞ্জ

অনুলিপি অবগতি ও বহুলপ্রচারের জন্য প্রেরিত ঃ-

৮। উপজেলা নির্বাহী অফিসার.............................................(সকল), সুনামগঞ্জ
৯। সহকারী কমিশনার (ভূমি)............................................. (সকল) সুনামগঞ্জ
১০। উপজেলা ............................................ কর্মকর্তা, (সকল) দোয়ারাবাজার, সুনামগঞ্জ
১১। অফিসার-ইন-চার্জ, দোয়ারাবাজার থানা, সুনামগঞ্জ
১২। সাব-রেজিস্ট্রার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক/কৃষি ব্যাংক/অগ্রনী ব্যাংক, দোয়ারাবাজার শাখা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ
১৪। চেয়ারম্যান........................................................ ইউপি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ
১৫। পোষ্ট মাষ্টার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস,দোয়ারাবাজার সদর/মঙ্গলপুর/লক্ষীপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। স্থানীয় হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যপক প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।
১৭। সম্পাদক, দৈনিক ------------------------------------------------। বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিন (৪*১০ আকারে) তাঁর পত্রিকায় ছাপিয়ে ০৫ (পাঁচ) কপি পত্রিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৮। নোটিশ বোর্ড/অফিস কপি

৮/২/২৪

(নেহের নিগার তনু)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ